# জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়

সাভার, ঢাকা

## নিয়োগ বিজ্ঞপ্তি

নং-জাবি/রেজি/প্রশাসন(টিচিং)/২০২৫-২০২৬/০২/৫১৩২ তারিখঃ ২২-১২-২০২৫

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের নিম্নে বর্ণিত পদসমূহ পূরণের জন্য বাংলাদেশী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

| বিভাগ | পদের নাম | পদের সংখ্যা |
|---|---|---|
| ১। বাংলা বিভাগ | সহযোগী অধ্যাপক (স্থায়ী) | ১টি |
| | প্রভাষক (স্থায়ী) | ১টি |
| ২। ইংরেজি বিভাগ | সহকারী অধ্যাপক (স্থায়ী) | ১টি |
| | প্রভাষক (স্থায়ী) | ১টি |
| ৩। আন্তর্জাতিক সম্পর্ক বিভাগ | প্রভাষক (স্থায়ী) | ২টি |
| ৪। ইতিহাস বিভাগ | প্রভাষক (স্থায়ী) | ২টি |
| ৫। সরকার ও রাজনীতি বিভাগ | প্রভাষক (স্থায়ী) | ১টি |
| | প্রভাষক (অস্থায়ী) | ২টি |

**জাতীয় বেতন স্কেলে বেতনক্রমঃ সহযোগী অধ্যাপকঃ ৫০,০০০-৭১,২০০/-, সহকারী অধ্যাপকঃ ৩৫,৫০০-৬৭,০১০/-, প্রভাষকঃ ২২,০০০-৫৩,০৬০/-**

**শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতাঃ**

**সহযোগী অধ্যাপকঃ** প্রার্থীর এসএসসি/সমমান ও এইচএসসি/সমমান উভয় ক্ষেত্রে সনাতন পদ্ধতিতে ১ম বিভাগ ও গ্রেডিং পদ্ধতিতে বিজ্ঞান শাখায় জিপিএ ৪.২৫ (৫.০০ স্কেলে), বাণিজ্য ও মানবিক শাখার ক্ষেত্রে জিপিএ ৪.০০ (৫.০০ স্কেলে) থাকতে হবে। বাংলা বিষয়ে স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর ডিগ্রিসহ উভয় পরীক্ষায় সনাতন পদ্ধতিতে ১ম শ্রেণি ও গ্রেডিং পদ্ধতিতে সিজিপিএ ন্যূনতম ৩.৫০ (৪.০০ স্কেলে) থাকতে হবে এবং প্রার্থীকে অবশ্যই পিএইচডিধারী হতে হবে। সহকারী অধ্যাপক হিসেবে ন্যূনতম ৪(চার) বছরের অভিজ্ঞতাসহ মোট ৭(সাত) বছরের শিক্ষকতার অভিজ্ঞতা থাকতে হবে। আবেদনকারীর ন্যূনতম ১০(দশ)টি প্রকাশনা থাকতে হবে, তন্মধ্যে ৫(পাঁচ)টি প্রকাশনায় First Author হিসেবে থাকতে হবে।

**সহকারী অধ্যাপকঃ** প্রার্থীর এসএসসি/সমমান ও এইচএসসি/সমমান উভয় ক্ষেত্রে সনাতন পদ্ধতিতে ১ম বিভাগ ও গ্রেডিং পদ্ধতিতে বিজ্ঞান শাখায় জিপিএ ৪.২৫ (৫.০০ স্কেলে), বাণিজ্য ও মানবিক শাখার ক্ষেত্রে জিপিএ ৪.০০ (৫.০০ স্কেলে) থাকতে হবে। ইংরেজি বিষয়ে স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর ডিগ্রিসহ উভয় পরীক্ষায় সনাতন পদ্ধতিতে ১ম শ্রেণি ও গ্রেডিং পদ্ধতিতে সিজিপিএ ন্যূনতম ৩.৫০ (৪.০০ স্কেলে) থাকতে হবে এবং প্রার্থীকে অবশ্যই পিএইচডিধারী হতে হবে। শিক্ষকতা/গবেষণা কর্মে অভিজ্ঞতা ন্যূনতম ০৩(তিন) বছর থাকতে হবে। আবেদনকারীর ন্যূনতম ০৫(পাঁচ)টি প্রকাশনা থাকতে হবে, তন্মধ্যে ২(দুই)টি প্রকাশনায় First Author হিসেবে থাকতে হবে।

**প্রভাষকঃ** প্রার্থীর এসএসসি/সমমান ও এইচএসসি/সমমান উভয় ক্ষেত্রে সনাতন পদ্ধতিতে ১ম বিভাগ ও গ্রেডিং পদ্ধতিতে বিজ্ঞান শাখায় জিপিএ ৪.২৫ (৫.০০ স্কেলে), বাণিজ্য ও মানবিক শাখার ক্ষেত্রে জিপিএ ৪.০০ (৫.০০ স্কেলে) থাকতে হবে। বাংলা/ইংরেজি/আন্তর্জাতিক সম্পর্ক/ইতিহাস/সরকার ও রাজনীতি বিষয়ের আবেদনকারীদের সংশ্লিষ্ট বিষয়ে স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর ডিগ্রিসহ উভয় পরীক্ষায় সনাতন পদ্ধতিতে ১ম শ্রেণি ও গ্রেডিং পদ্ধতিতে সিজিপিএ ন্যূনতম ৩.৫০ (৪.০০ স্কেলে) থাকতে হবে। **প্রকাশনা থাকলে জার্নালের মান উল্লেখপূর্বক আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।**

**বি.দ্রঃ সরকার ও রাজনীতি বিভাগে গত ০৮-১১-২০১৮ ও ১৮-০৭-২০২২ তারিখে বিজ্ঞাপিত প্রভাষক পদের জন্য যারা আবেদন করেছিলেন তাঁদের পুনরায় আবেদন করার প্রয়োজন নেই। তবে তাঁদের ইতোপূর্বে দাখিলকৃত আবেদনের প্রেক্ষিতে প্রকাশনা ও অভিজ্ঞতা সংশ্লিষ্ট হালনাগাদ প্রমাণপত্র (১০ সেট) জমা দেয়ার জন্য নির্দেশনা প্রদান করা হলো।**

**প্রার্থীদের স্নাতকোত্তর পরীক্ষার ফল প্রকাশিত না হলে প্রভাষক পদে আবেদন করার জন্য যোগ্য বলে বিবেচিত হবেন না। চাকরিরত প্রার্থীদেরকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।**

**বি.দ্রঃ জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে প্রভাষক/সহকারী অধ্যাপক/সহযোগী অধ্যাপক পদে অস্থায়ীভাবে কর্মরত শিক্ষকগণের স্থায়ীকরণ/নিয়োগের ক্ষেত্রে এই বিজ্ঞপ্তিতে উল্লিখিত শর্তসমূহ প্রযোজ্য হবে না।**

প্রার্থীদের নির্ধারিত ফরমে আবেদন করতে হবে। সহযোগী অধ্যাপক পদের জন্য ১০(দশ) সেট এবং সহকারী অধ্যাপক ও প্রভাষক পদের জন্য ৭(সাত) সেট আবেদনপত্রের প্রতি সেটের সাথে শিক্ষাগত যোগ্যতার সনদপত্র, নম্বরপত্র, গবেষণামূলক প্রকাশনার কপি ও অভিজ্ঞতার প্রমাণপত্রের সত্যায়িত অনুলিপি জমা দিতে হবে। দরখাস্তের সাথে দুই কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি এবং রেজিস্ট্রারের অনুকূলে অগ্রণী ব্যাংকের যে কোনো শাখা থেকে ৬০০/- (ছয়শত) টাকার ব্যাংক ড্রাফট অথবা অগ্রণী ব্যাংক পিএলসি জাবি শাখার সিডি-৬৮ একাউন্টে ৬০০/-(ছয়শত) টাকা জমাদানের রশিদ সংযুক্ত করতে হবে। জমাকৃত টাকা/ড্রাফট ফেরৎযোগ্য নয়। বেতন নির্ধারণের ক্ষেত্রে জাতীয় বেতন স্কেলের নীতিমালা অনুসরণ করা হবে। আগ্রহী প্রার্থীগণ অফিস চলাকালীন সময়ে নিম্নস্বাক্ষরকারীর অফিস থেকে বিজ্ঞপ্তির কপি এবং আবেদন ফরম সংগ্রহ করতে পারবেন। ওয়েবসাইট www.juniv.edu থেকেও উক্ত ফরম সংগ্রহ করা যাবে। অসম্পূর্ণ দরখাস্ত সরাসরি বাতিল বলে গণ্য হবে।

**আবেদনপত্র জমাদানের শেষ তারিখঃ সহযোগী অধ্যাপক পদে আবেদনের শেষ তারিখঃ ১২-০১-২০২৬ এবং সহকারী অধ্যাপক ও প্রভাষক পদে আবেদনের শেষ তারিখঃ ০৬-০১-২০২৬**

স্বাক্ষর/-

রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)